ফিল্ম ট্রান্সক্রিপ্ট

ওপেনিং টাইটেল

ব্রেষ্টর স্ক্রীনিং'র উফরে একটা শর্ট ফিল্ম*.* সেন্ট্রাল অ্যান্ড ইষ্ট লন্ডন ব্রেষ্ট স্ক্রীনিং সার্ভিস থাকিয়া।

জহ্‌রা আলি CELBSS **অ্যাডমিনিষ্ট্রেশন** টীম

আমার নাম জহ্‌রা আর আমি সেন্ট্রাল অ্যান্ড ইষ্ট লন্ডন ব্রেষ্ট স্ক্রীনিং সার্ভিস'র লাগি কাম করি, আমি ইখানো দেড় বছর ধরি আছি।

আমরার সবচেয়ে বড় কাম অইলো ব্রেষ্টর স্ক্রীনিং বা পরীক্ষা লইয়া ফালতু ডর ভাগানি, বিশেষ করি ব্রেষ্টর এক্সরে করার বিষয়ে আর ইতার লাগি কিতা অইতো পারে, ইতাছাড়াও ব্রেষ্ট ক্যান্সারোর ব্যাপারে ভুলবুঝাবুঝি টাইন লইয়া।

বেশীর ভাগ বেটীনতে ইতা লইয়া মাতকথা কইতা চাইন না কিন্তু আট জনর মাঝে একজনর তারার সারাজীবনে কুনু এক সময়ে ব্রেষ্ট ক্যান্সার ধরা পড়ত পারে। যেতাউ অউক,
ব্রেষ্ট ক্যান্সার স্ক্রীনিং প্রযুক্তি আর নূতন চিকিত্‌সাটাইন বাচিয়া থাকার হার বাড়াই দিছে।

অনস্ক্রীন গ্রাফিক

আট জনর মাঝে একজন বেটীমানুষর সারা জীবনর কুনু এক সময় ব্রেষ্ট ক্যান্সার ধরা পড়ে**. ***ক্যান্সার রিসার্চ **UK**

রিসেপসনিস্ট

দয়াকরি বইন্ আর আমরা আফনারে জলদি ডাকমু

অনস্ক্রীন গ্রাফিক

ব্রেষ্ট স্ক্রীনিং ক্লিনিক, সেন্ট বার্থহলোউমিউস হসপিটাল, দ্য সিটি

ক্রিষ্টিন, ব্রেষ্ট স্ক্রীনিংও ভাগ লওয়াত
আফনারে বউত্ ধইন্যবাদ

অনস্ক্রীন গ্রাফিক

80% ব্রেষ্ট ক্যান্সার পাওয়া যায় **50** বছরর উফরের বেটিনতর মধ্যে**. ***ক্যান্সার রিসার্চ **UK**

ড: মুন্সে,কনসালটেন্ট রেডিওলজিস্ট

আমরা পইঞ্চাস বছর আর তার বেশী বয়সর বেটীনতরে আইবার লাগি কইয়ার আর তারারে প্রত্যেক তিন বছর স্ক্রীনিং'ও যুগ দেওয়ার লাগি কইয়ার। **80%** ব্রেষ্ট ক্যান্সার ইরকম বয়সত্ অয় বুলি দেখা যায় আর ইতার লাগি তারার ব্রেষ্ট ক্যান্সার স্ক্রীনিং'ও যুগ দেওয়া খুব জরুরি।

অনস্ক্রীন গ্রাফিক

প্রত্যেক তিন বছরে একবার ব্রেষ্ট এক্স-রে (ইটারে ম্যামোগ্রাম'ও কওয়া হয়) দিয়া ব্রেষ্ট স্ক্রীনিং করানি অয়।

ক্যাটরিনা,রেডিওলজিস্ট
ক্রিষ্টিন হজসন

জহ্‌রা আলি CELBSS **অ্যাডমিনিষ্ট্রেশন** টীম
বউত্ বেটীনতে ইটা কিলা লুকাইল থাকব ইতা লিয়া চিন্তাত্ থাকইন আর আমরা তারারে নিশ্চিন্ত করিয়ার যে যদিও খুব কম সময়র লাগি তারার ব্রেষ্ট খুলিয়া দেখানি লাগব কিন্তু ইটা অইব এক প্রাইভেট জেগাত যেখানো আর একজন বেটী মানুষ দিয়া করানি আইব।
আমরা তারারে একখান পরামর্শ দিরাম যে এক্স-রে রুমো আওয়ার সময় তারা যেন টুকরা ড্রেস্ পরিয়া আইন, সমস্তটাউ যাতে একটা আস্তা ড্রেস্ অয় না, যাতে আমরা কাপড় খুলার সময় শালীনতা রক্ষা করতাম পারি।

অনস্ক্রীন গ্রাফিক
আমরার সব রেডিওগ্রাফার বেটীন

ক্যাটরিনা,রেডিওলজিস্ট

আমি ক্যাটরিনা আর আমি ইখানো বার্টস হস্পিটাল'র একজন রেডিওলজিষ্ট।
আমি যখন একজন বেটীমানুষরে এক্স-রে রুমো লইয়া আই তখন কিলা কিতা সব বুঝাইয়া কই আর তারারে কই যে তারা যেন তারার কোমর'র উফর তনে লইয়া টপ্ আর ব্রা সইতে সব খুলি লাইন। একটা ম্যামোগ্রাম দিয়া এক্স-রে করানি অয়, ইটা চাইর বার করানি অয় : প্রত্যেকটা ব্রেষ্টর লাগি দুইটা এক্স-রে।

আমরা ব্রেষ্টরে একটা টেবিলর উপরে রাখি যেটারে বাকি টেবিল কয় আর কয়েক সেকেন্ডর লাগি চাপ দিয়া টিপা দেই। ইটা একটু অস্বস্তিকর কিন্তু ইটা করতে কয়েক সেকেন্ড সময় লাগে।

ক্রিষ্টিন, ব্রেষ্ট স্ক্রীনিংও ভাগ লওয়াত

ইটা খুব কম সময়র লাগি অস্বস্তিকর কিন্তু এক্স-রে অত তাড়াতাড়ি লওয়া অয় যে ইটা কয়েক সেকেন্ডে শেষ অই যায় আর তারা ইটা বিভিন্ন এ্যান্গল বা কুনা তনে লইন আর একউ জিনিষ আবার করইন। কিন্তু হাছাউ

কইয়ার, আফনে স্ক্রীনিং সেন্টারো আওয়ার বিশ মিনিট পয়তাল্লিশ মিনিটর মাঝে হক্কলতা শেষ করিয়া যাইতা গিয়া পারবা।

ডন, ব্রেষ্ট স্ক্রীনিংও ভাগ লওয়াত

যখন আমার বইন'র ক্যান্সার অইছিল, তাই কইতউ পারছিল না কারণ তাই স্ক্রীনিং করাইছিল না। মনো হয় তাই যদি স্ক্রীনিং করাইত তে তারা আগেউ বার করতা পারলানে আর আমরা আরও ভালা ফল পাইলাম নে। ইতার লাগি আমি কইয়ার, আমি স্ক্রীনিং করানিত্ যাই আর ইটাত থাকি বউত্তা উপকার পাই। ইটায় আমারে মনর শান্তি আর আবার ভরসা দেয় যে যদি তারা কুন্তা পাইন তে ইটারে জলদি চিকিত্সা করানি যাইব।

ডাাম্ফনা, ব্রেষ্ট স্ক্রীনিংও ভাগ লওয়াত

তাইন আমার লগে মাতকথা করছিলা, যাচাই করি দেখছিলা যে আমার কুনু অসুবিধা অর নি বা আমি যে কুনু সময় ইটা বাদ দিতাম পারি, ইতার লাগি আমার মনো অয় যে ই বিষয়ে আমার কিছু মাত্রায় অইলেও কন্ট্রোল আছে।

ক্যাটরিনা,রেডিওগ্রাফার

অকে - ঠিক আছে, আফনে আফনার রিজাল্ট তিন হপ্তার ভিতরে পোষ্টে পাই যাইবা। ঠিক আছে, অকে?

অনস্ক্রীন গ্রাফিক
আফনে আফনার রিজাল্ট 2 ½ - 3 হপ্তার ভিতরে পোষ্টে পাই যাইবা।

ড: পুরুষত্বমান, কনসালটেন্ট রেডিওলজিস্ট

আমি ই সময় রুগীর নতুন ম্যামোগ্রাম'র লগে পুরানা ম্যামোগ্রাম'র তুলনা করি দেখরাম যেটা তাইন তিন বছর আগে করাইছলা। আমি দেখতাম পারিয়ার যে, কুন্তা বদলাইছে না যেটা আবার ভরসা দের। যদি আমরা আগের ম্যামোগ্রাম পাই তে আমরা আরও সহজে পুরানা ফিল্ম'র লগে তুলনা করি সূক্ষ্ম অস্বাভাবিকতাটাইন ধরতাম পারি। একটা সূক্ষ্ম অস্বাভাবিকতা রুগীয়ে এক বা দুই বছর ধরি বুঝতা পারতা নায়। ইটা বাড়তি সময় বাচি থাকার হার খুব বেশী বাড়াই দেয় আর ইটাউ একটা কারণ যে আমরা বেটীনতরে প্রত্যেক তিন বছরে স্ক্রীনিং করি।

অনস্ক্রীন গ্রাফিক

নিয়মিত স্ক্রীনিং করাইলে আগে ধরা পড়ার সুযুগ বাড়ে আর রুগীয়ে ভালা ফল পায়

জহ্‌রা আলি CELBSS **অ্যাডমিনিষ্ট্রেশন** টীম
আমরা যতটা সম্ভব তত তাড়াতাড়ি আর বিভিন্ন জেগাত থাকা ইভিনিং আর উইকেণ্ড ক্লিনিক'ও চালাই। রুগীর লাগি হাছাউ যেটা সহজ অয় আমরা আমরার সাইধ্য মত চেষ্টা করিয়া ব্যবস্থা করি দেই।

আমন্ত্রণ পত্র বা ইনভাইটেশন লেটার পাওয়ার সময় আফনে যদি তারিখ, সময় বা জেগা লইয়া সন্তুষ্ট না থাকইন তে আফনে আমরারে কল করিয়া যুগাযুগ করতা পারইন বা আমরার ওয়েবসাইট'ও গিয়া আবার বুক করতা পারইন।

অনস্ক্রীন গ্রাফিক

আমরা আফনার সুবিধা মত বিকালে আর উইকেন্ডও ক্লিনিক চালাই।

অনস্ক্রীন গ্রাফিক

আমরার বিভিন্ন জাগাত স্ক্রীনিং ইউনিট আছে, তারলগে মোবাইল স্ক্রীনিং সেন্টারও আছে।

অনস্ক্রীন গ্রাফিক

ড: মুন্সে,কনসালটেন্ট রেডিওল্যাজিস্ট
আমরা জানি যে বেটীন হকলে যখন ব্রেষ্ট স্ক্রীনিং'র আমন্ত্রণ পত্র পাইবা তারা চিন্তাত পড়ি যাইবা। কিন্তু যারা স্ক্রীনিং'র লাগি আইন বিশ জনর মাঝে উন্নিশ জনে অল-ক্লিয়ার (সব ঠিক আছে) রিজাল্ট পাইবা। যারারে আবার আইতে কওয়া অয়, তারার বেশীর ভাগরেউ আরও ভালা করি পরীক্ষা করার পরে কুনু গুরুত্বপূর্ণ সমস্যা পাওয়া যায় না আর দেখা যায় তারা পুরাপুরি ঠিক আছইন।

ড: মুন্সে,কনসালটেন্ট রেডিওল্যাজিস্ট

যে কম সংখ্যার বেটীনতর ক্যান্সার আমরা পাই, কারণ তারা স্ক্রীনিং করানিত আইন, রুগটা প্রথম অবস্তাত ধরা পড়ে আর ইতার লাগি তারার ভবিষ্যত আয়ুর উফরে কুনু প্রভাব না ফালাইয়া খুব সম্ভব পুরাপুরি সুস্থ অই যাইন।

জহ্‌রা আলি CELBSS **অ্যাডমিনিষ্ট্রেশন** টীম
বিশেষ করি দেখছি যে ব্রেষ্টর ক্যান্সার আগে ভাগে ধরা পড়ায় আমার পরিবারো বেটীনতর লাগি লাভ অইছে, আমি আমার আম্মারে সবসময় স্ক্রীনিং'ও যাইতে উত্সাহ দেই। আমি মনো করি যে বেটীন যারার বয়স পঞ্চাস থাকি সইত্তর তারা আমার ই মেসেজ পাইয়া স্বাইস্থ্যর লাগি, পরিবার'র লাগি চিন্তা করবা আর ব্রেষ্ট ক্যান্সার স্ক্রীনিং'ও নিয়মিতভাবে উপস্থিত থাকবা।

শেষর টাইটেল

নিয়মিত স্ক্রীনিং জীবন বাচায়। সেন্ট্রাল অ্যান্ড ইষ্ট লন্ডন ব্রেষ্ট স্ক্রীনিং সার্ভিস।